

ছাত্র ইউনিয়নের সম্মেলন ছাত্র সংসদ না থাকায় শিক্ষার্থীরা অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন

বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদক •

রাজনৈতিক প্রভাব ও দলীয়করণের কারণে বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদতাল্পোর নির্বাচন বন্ধ রয়েছে। আর এ কারণে শিক্ষার্থীরা তাঁদের অধিকার হারাচ্ছেন। যোগ্য নেতৃত্ব তৈরি না হওয়ায় ছাত্রনেতারা সঠিকভাবে মিকনির্দেশনা দিতে ব্যর্থ হচ্ছেন।

গতকাল ১৬ই জুলাই তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বিপাক্ষিত স্বাধীনতা চত্বরে ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগর শাখার ৩৫তম সম্মেলনের উদ্বোধনী সমাবেশে বক্তারা এসব কথা বলেন। এবারের সম্মেলনের মূল প্রতিপাদ্য: শিক্ষার অধিকার আদায়ের লড়াইয়ে স্বেচ্ছা উঠি চেতনায় গড়ি আগামী সমগ্রাম।

অনুষ্ঠানে বাহাঙ্গুরের সংবিধান পুনঃপ্রতিষ্ঠা জাতীয় কমিটির আহ্বায়ক কামাল সোহানী বলেন, সাম্রাজ্যবাদী নয় আত্মাশনের কারণে মুক্তিযুদ্ধের সময় যে সন্তম নৌবহর বাংলাদেশে আসতে পারেনি, আজ তা সমুদ্রসীমায় অবস্থানের পায়তারা করছে। সাম্রাজ্যবাদের এই আত্মাশনকে রুখে দাঁড়াতে হবে।

সংগঠনের কেন্দ্রীয় সভাপতি ফেরদৌস আহমেদ শিক্ষার বাণিজ্যিকীকরণের বিরুদ্ধে সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে দুর্বীর আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগর শাখার সাধারণ সম্পাদক মঞ্জুর মঈন বলেন, ক্যাম্পাসে কর্মতানীন ছাত্রসংগঠনতাল্পোর মংলদারি, টেডারবাকি, চাঁদাবাকির পাশাপাশি বেসরকারি বিশ্ববিদ্যালয়তাল্পোর ব্যবসায়িক মনোবৃত্তি সাধারণ মানুষের শিক্ষার অধিকার সংকুচিত করছে।

ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগর শাখার সভাপতি য. ইব্রাহিমের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক এস এম শুভ, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক পিনাক রায়, কেন্দ্রীয় সহসভাপতি রাশেদুল ইসলামসহ ছাত্র ইউনিয়নের সাবেক ও বর্তমান নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

সমাবেশ শেষে ঢাকা মহানগরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও থানা থেকে আসা ছাত্রছাত্রীদের নিয়ে একটি বর্ণাঢ়া শোভাযাত্রা ঢাকা বিশ্ববিদ্যালয় ও নগরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

আজ শুক্রবার সকাল ১০টায় রাজধানীর মৈত্রী মিলনায়তনে ৩৫তম নগর সম্মেলনের কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হবে।